



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ইইডি)  
মেহেরপুর।  
e-mail: ee\_meh@eedmoe.gov.bd  
www.eed.meherpur.gov.bd

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stake holders) অংশগ্রহনে ১ম সভার কার্যবিবরণী


সভাপতি	: মোঃ রাকিবুল আহসান নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।
সভার তারিখ	: ১৫/০১/২০২৪খ্রি.
সভার সময়	: সকাল ১১:০০ ঘটিকা।
সভার স্থান	: নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর।
উপস্থিত সদস্যবৃন্দের তালিকা	: পরিশিষ্ট 'ক' (সংযুক্তি)।

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানসহ ও সভায় উপস্থিত অন্যান্য সকল অংশীজনদের স্বাগত জানান। পরবর্তীতে উপস্থিত সকলের নিকট সভাপতি মহোদয় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নির্মাণ কাজের গুণগতমান সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভায় উপস্থিত প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কাজের গুণগতমান সম্পর্কে অনেকেই প্রশংসা করেন এবং তদারকীকারী প্রকৌশলীদের ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় কিছু শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ জানান চলমান নির্মাণ কাজে কিছু ত্রুটি বিদ্যমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন এবং কাজের গুণগতমান বৃদ্ধির বিষয়ে আলোকপাত করেন। পরবর্তীতে অভিযোগ কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

### সিদ্ধান্তসমূহ:

- ২.১ সভায় প্রাপ্ত মতামত অনুযায়ী যেসকল কাজের ত্রুটি রয়েছে তা দ্রুত সময়ের মধ্যে সংশোধন করতে হবে এবং বন্ধ কাজ দ্রুত শুরু করতে হবে।
- ২.২ মাঠ পর্যায় হতে প্রাপ্ত অভিযোগ মাসিক প্রতিবেদন আকারে সহকারী প্রকৌশলী-০২ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে উপস্থাপন করবেন।
- ২.৩ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে দৃশ্যমান স্থানে সেবা প্রত্যাশীদের/অংশীজনদের জন্য অভিযোগ বাক্স স্থাপন করতে হবে।
- ২.৪ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে সেবা প্রত্যাশীদের/অংশীজনদের জন্য অভিযোগ রেজিস্টার সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।

৩.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ রাকিবুল আহসান)

নির্বাহী প্রকৌশলী (চ.দা.)  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

মেহেরপুর।

ফোন: ০২৪৭৭৭৯২৩৯৮

e-mail: ee\_meh@eedmoe.gov.bd

তারিখ: ১৬/০১/২০২৪খ্রি:।

স্মারক নং- ৩৭.০৭.৫৭০০.০০০.০০.০০০.২৩. ৩৭৭/১

অনুলিপি সহায় অবগতির জন্য কার্যার্থে প্রেরিত হলো:

- ০১। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন ও অর্থ) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, খুলনা সার্কেল, খুলনা।
- ০৪। প্রশাসনিক কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৫। বিতরণ (উপস্থিত সকল সদস্যবৃন্দ)।
- ০৬। অফিস কপি/নোটিশ বোর্ড।

(মোঃ রাকিবুল আহসান)

নির্বাহী প্রকৌশলী (চ.দা.)

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

মেহেরপুর।

ফোন: ০২৪৭৭৭৯২৩৯৮

e-mail: ee\_meh@eedmoe.gov.bd